দৈনিক ইত্তেফাক

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও অফিস বন্ধ থাকায় বিপুল লোকসান

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত ১৬ই ফেব্রুয়ারী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের ঘটনায় অনির্ধারিত ৩৫ দিন ক্লাস এবং ২১ দিন অফিস বন্ধ থাকায় বিশ্ববিদ্যালয় (১৩শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

কর্তৃপক্ষের ৬১ লক্ষ ৫২ হাজার এবং রাজশাহীবাসীর প্রায় ৩ কোটি টাকা লোকসান হইয়াছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ১৭ই ফেব্রুয়ারী হইতে ১৮ই মার্চ বন্ধ ঘোষণা করিলে এবং ছাত্রদল ও ছাত্রশিবির ২০-২২শে মার্চ ক্যাম্পাসে ধর্মঘট ডাকিলে টানা ৩৫ দিন ক্লাস বন্ধ থাকে এবং ৩-১১ই ছুটি ব্যতীত বাকী ২১ দিন অফিসসমূহ অনির্ধারিত বন্ধ থাকে। ফলে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ২১ দিন কাজ না করিয়াও বেতন খাতে ব্যয় হইয়াছে ৫৫ লক্ষ ৩২ হাজার ৮ শত টাকা। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক রহিয়াছেন ৭৯৬ জন, যাহাদের মাসিক বেতন গড়ে ৬ হাজার টাকা তাহাদের ২১ দিনের বেতন ৩৩ লক্ষ ৪৩ হাজার ২ শত টাকা। বিশ্ববিদ্যালয়ে অফিসারের সংখ্যা ৪১৩ জন, যাহাদের মাসিক বেতন গড়ে ৪ হাজার টাকা তাহাদের ২১ দিনের বেতন ১১ লক্ষ ৫৬ হাজার ৪ শত টাকা এবং সহায়ক কর্মচারী রহিয়াছে ৪৯২ জন যাহাদের মাসিক বেতন গড়ে ৩ হাজার টাকা তাহাদের ২১ দিনের বেতন ১০ লক্ষ ৩৩ হাজার ২ শত টাকা।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাধারণ কর্মচারী রহিয়াছে এক হাজার ১১৬ জন। অফিস বন্ধ থাকিলেও এই সময়ে তাহারা কাজ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে দোকান রহিয়াছে প্রায় ৩ শত। সংঘর্ষে ক্ষতি হওয়ায় তাহাদের প্রায় ২ লক্ষ টাকা বকেয়া ভাড়া মওকুফ করা হইয়াছে। কিন্তু এই সকল দোকান হইতে প্রতি মাসে গড়ে ৯০ হাজার টাকা প্রাপ্তি এই মাসে পাওয়া যায় নাই। ফলে বিশ্ববিদ্যালয়ের লোকসান গিয়াছে ৬১ লক্ষ টাকা।

এদিকে এই বন্ধে রাজশাহীবাসীর লোকসান গিয়াছে প্রায় ৩ কোটি টাকা। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রায় ২০ হাজার ছাত্র-ছাত্রী বর্তমানে অধ্যায়নরত। বিশ্ববিদ্যালয় খোলা থাকিলে তাহারা প্রয়োজনীয় বিভিন্ন খাতে গড়ে ১ হাজার ৫ শত টাকা খরচ করে। এই সকল টাকা রাজশাহী এলাকার বিভিন্ন দোকানদার, ব্যবসায়ী, রিকশাচালকগণ উপার্জন করে। কিন্তু বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় গত মাসে কোন ছাত্র-ছাত্রী রাজশাহীতে না থাকায় রাজশাহীবাসীর এই ৩ কোটি টাকা লোকসান হইয়াছে।